

প্রধানমন্ত্রী একটি সরকারি সফরে ঘানায় পৌঁছেছেন (02 জুলাই, 2025)

02 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ঘানা সফরে এসে, আক্রায় পৌঁছান। বিমানবন্দরে পৌঁছানোর পরে প্রধানমন্ত্রী মোদীকে বিশেষ অভ্যর্থনা জানাতে ঘানার রাষ্ট্রপতি মহামহিম জন দ্রমণি মহামা নিজে উপস্থিত ছিলেন এবং তাকে আনুষ্ঠানিক ভাবে স্বাগত জানান। এই বিশেষ সৌহার্দ্য দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বের শক্তিশালী এবং ঐতিহাসিক বন্ধনের প্রমাণ।

2. প্রধানমন্ত্রীর ঘানা সফর হল গত তিন দশকে এই ধরনের প্রথম সফর। এই ঐতিহাসিক সফরের ফলে ভারত ও ঘানার মধ্যে অংশীদারিত্ব আরও গভীর হবে এবং আফ্রিকা ও গ্লোবাল সাউথ অংশীদারদের সাথে তার সম্পর্ক শক্তিশালী করার জন্য ভারতের প্রতিশ্রুতি সুনিশ্চিত করবে।

আক্রা

02 জুলাই, 2025